গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
শাখা-১ (প্রশাসন)

# মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষিক প্রতিবেদন ছক

**মন্ত্রণালয়/বিভাগের নাম: অভ্যন্তরীণ সম্পদ বিভাগ** **আওতাধীন অধিদপ্তর/সংস্থার সংখ্যা:- ৪**

**প্রতিবেদনাধীন বছর :- ২০১৬-১৭** **প্রতিবেদন প্রস্তুতির তারিখ :- ০৩/০৮/২০১৭ খ্রি:**

## (১) প্রশাসনিক

১. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | ৯৫ | ৫০ | ৪৫ | ২৬ | ৪৫ টি শূণ্য পদের মধ্যে ১১টি ক্যাডার পদে কর্মকর্তা পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ৩৪টি পদের মধ্যে নন-ক্যাডারের ১ম শ্রেনীর ৫টি, ২য় শ্রেণির ১২টি, ৩য় শ্রেণীর ৯টি এবং ৪র্থ শ্রেণীর ৮টি পদে নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। |
| জাতীয় রাজস্ব বোর্ড | ২২,১৫৪ | ১০,৭৫৮ | ১১,৩৯৬ | - | শূণ্য পদ পূরণের নিমিত্ত যথারীতি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |
| জাতীয় সঞ্চয় অধিদপ্তর | ৪৫৪ | ২৮২ | ১৭২ | ১৪ | বছর ভিত্তিক সংরক্ষিত ৩১ (একত্রিশ)টি অফিস সহায়ক পদের মধ্যে বর্তমানে ১৪ (চৌদ্দ) জন কর্মরত আছে। |
| ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল | ১৫২ | ১০১ | ৫১ | ৩০ | দ্বৈত বেঞ্চ রংপুর এর সাংগঠনিক কাঠামোতে ১২টি পদ অস্থায়ীভাবে বছরভিত্তিক সংরক্ষিত (রীটেনশনকৃত) এবং ৪র্থ শ্রেণীর ৪টি পদ আউট সোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য পদ সৃষ্টি করা হয়েছে। |
| কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুনাল | ৬৫ | ৪৩ | ২২ | - | -- |
| **মোট** | **২২,৯২০** | **১১,২৩৪** | **১১,৬৮৬** | ৭০ | |

* অনুমোদিত পদের হ্রাস/বৃদ্ধির কারণ মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

১.২ শূন্যপদের বিন্যাস

| অফিসের নাম | অতিরিক্ত সচিব/তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | | | ১৬ | ১২ | ৯ | ৮ | ৪৫ |
| জাতীয় রাজস্ব বোর্ড | | | ৮৪৮ | ৩,৩৩৭ | ৬,৫৯২ | ৬১৯ | ১১,৩৯৬ |
| জাতীয় সঞ্চয় অধিদপ্তর | | | ৩৯ | ৪১ | ৭১ | ২১ | ১৭২ |
| ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল | | | ৫ | - | ২৯ | ১৭ | ৫১ |
| কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুনাল | | | ২ | ১ | ১৭ | ২ | ২২ |
| মোট | | | ৯১০ | ৩,৩৯১ | ৬,৭১৮ | ৬৬৭ | ১১,৬৮৬ |

১.৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ (অতিরিক্ত সচিব/সমপদমর্যাদাসম্পন্ন/সংস্থা-প্রধান/তদূর্ধ্ব) শূণ্য থাকলে তার তালিকা: শুণ্য পদ নেই।

১.৪ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: বড় রকমের কোন সমস্যা নেই।

১.৫ অন্যান্য পদের তথ্য :

| প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| শূণ্য | শূণ্য |

* কোন সংলগ্নী ব্যবহার করার প্রয়োজন নাই।

১.৬ নিয়োগ/পদোন্নতি প্রদান:

| প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ২৪৩ | ৫৪৮ | ৭৯১ | ৪৮১ | ৫ | ৪৮৬ | |

১.৭ ভ্রমণ/পরিদর্শন (দেশে)

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/স্পেশাল এ্যাসিস্টেন্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | | | ২৩ বার (৪০) দিন | |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | | | ১ দিন | |

১.৮ ভ্রমণ/পরিদর্শন (বিদেশে)

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) * | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/স্পেশাল এ্যাসিস্টেন্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | ০৫ বার (৩১) দিন | |

* কতদিন বিদেশে ভ্রমণ করেছেন সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।

| | | |
|---|---|---|
| মার্কিন যুক্তরাষ্ট্র | ১০-১৮ জুলাই, ২০১৬ | Physical verification/ inspection of the IVAS software system with focus on Cyber Security under project `Flagship Project Management |
| মার্কিন যুক্তরাষ্ট্র | ১৮-২২ সেপ্টেম্বর ২০১৬ | Participation at the 71st UNGA |
| ভিয়েতনাম | ১৬-২২ অক্টোবর, ২০১৬ | Study Tour on IT Infrastructure, VAT Application System and Inspection Software Support Center |
| রিপাবলিক অব কোরিয়া | ২৭-৩০ মার্চ ২০১৭ খ্রিঃ | Regional Workshop on Promoting Connectivity and Trade Facilitation |
| ফ্রান্স | ১১-১৬ এপ্রিল ২০১৭ খ্রিঃ | Fourth Meeting of the OECD Global Forum on VAT |

১.৯ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: নিয়মিতভাবে ই-মেইলে, সামাজিক যোগাযোগ মাধ্যমে ভ্রমণের অভিজ্ঞতা বিনিময় করা হয়।

**(২) অডিট আপত্তি**

২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত)

*(টাকার অঙ্ক কোটি টাকায় প্রদান করতে হবে)*

| ক্রমিক | মন্ত্রণালয়/ বিভাগসমূহের নাম | | অডিট আপত্তি | | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
| ১ | ২ | | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১. | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | | ২০ | ০.০৮৪ | ২০ | ১৭ | ০.০৪৫ | ৩ | ০.০৩৯ |
| ২. | জাতীয় রাজস্ব বোর্ড | শুল্ক অনুবিভাগ | ১,৯৮৯ | ৫৮.৯৭৪ | ১,৪১২ | ১,০৯৭ | | ৮৫২ | |
| | | মূসক অনুবিভাগ | ৭৬৬৭ | ১৭.৮৮৩ | ৭,০৮৪ | ১,৫১১ | | ৫,৯১১ | |
| | | আয়কর অনুবিভাগ | ২,৩৯৪ | ৬২০.৭৩৫ | ২,০৭৪ | ২৫৮ | | ২,১৩৬ | |
| ৩. | জাতীয় সঞ্চয় অধিদপ্তর | | ২২১ | ৯১৬.৭৪ | ২১ | ১৬৪ | ৩০৯.৬৪ | ২৬ | ৬০৭.১০ |
| ৪. | ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল | | - | - | - | - | - | - | - |
| ৫. | কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুনাল | | - | - | - | - | - | - | - |
| | সর্বমোট= | | ১২.২৯১ | ১,৬১৫.১৭২ | ১০,৬১১ | ৩,০৪৭ | | ৮,৯২৮ | |

২.২ অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা :

(৩) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

| প্রতিবেদনাধীন অর্থ-বছরে (২০১৬-১৭) মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | চাকুরিচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দন্ড | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৩৭ | ১ | ৩ | ২ | ৬ | ৩১ |

(৪) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত)

| সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/বিভাগ/আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ-এর বিরুদ্ধে দায়েরকৃত রিট মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | দায়েরকৃত মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| -- | ১,৪৬৩ | -- | ১,৪৬৩ | -- |

(৫) মানবসম্পদ উন্নয়ন

৫.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত)

| অফিসের নাম | প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | ৫ | ৯৬ |
| জাতীয় রাজস্ব বোর্ড | ৩০ | ৯৭৬ |
| জাতীয় সঞ্চয় অধিদপ্তর | ১০ | ৮০০ |
| ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল | ৭ | ২৩ |
| কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুনাল | ৯ | ২০ |

৫.২ মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক প্রতিবেদনাধীন অর্থ-বছরে (২০১৬-১৭) কোন ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: ই-নথি ব্যবস্থাপনা, শুদ্ধাচার ও নৈতিকতা, ইনোভেশন এবং অফিস ব্যবস্থাপনা।

৫.৩ প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা : কোন সমস্যা নাই।

৫.৪ মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি-না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি-না? এ বিভাগের অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে। তবে এক্ষেত্রে বড় রকমের কোন অসুবিধা নেই।

৫.৫ প্রতিবেদনাধীন অর্থ-বছরে (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত) প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা : ২১৫ জন।

(৬) সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত)

| দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| ১ | ৬৪ |

(৭) তথ্যপ্রযুক্তি ও কম্পিউটার স্থাপন

| অফিসের নাম | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে কম্পিউটারের মোট সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কি না | মন্ত্রণালয় /বিভাগ/সংস্থাসমূহে ল্যান (LAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে ওয়ান (WAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাস মূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | কর্মচারি | কর্মকর্তা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | ৩৭টি | আছে | আছে | আছে | ৩০ | ৭ |
| জাতীয় রাজস্ব বোর্ড | ২২০টি | আছে | আছে | আছে | ৮০ | ৪০ |
| জাতীয় সঞ্চয় অধিদপ্তর | ৮১ | আছে | নাই | নাই | ৭০ | ১২০ |
| ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল | ২৪ | আছে | আছে | নাই | ৪ | ২৪ |
| কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুনাল | ১৭ | আছে | আছে | আছে | নাই | নাই |

(৮) সরকারি প্রতিষ্ঠানসমূহের আয়ের লভ্যাংশ/ মুনাফা/আদায়কৃত রাজস্ব থেকে সরকারি কোষাগারে জমার পরিমাণ:

| | | ২০১৬-১৭ | | ২০১৫-১৬ | | হ্রাস(-)বৃদ্ধির (+) হার | |
|---|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন |
| ১ | | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| রাজস্ব আয় | ট্যাক্স রেভিনিভ (জাতীয় রাজস্ব বোর্ডের অংশ) | ১৮৫০০০.০০ | ১৮৫০৭১.০০ | ১৫০০০০.০০ | ১৫৫৫১৮.৭২ | ২৩.৩৩% | ১৯.০০% |
| | নন-ট্যাক্স রেভিনিউ | | | | | | |
| উদ্বৃত্ত (ব্যবসায়িক আয় থেকে) | উদ্বৃত্ত (ব্যবসায়িক আয় থেকে) | | | | | | |
| লভ্যাংশ হিসাবে | লভ্যাংশ হিসাবে | | | | | | |

**(৯) প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট**

৯.১ প্রতিবেদনাধীন অর্থ-বছরে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন করে থাকলে তার তালিকা: নেই।

৯.২ প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

**(ক) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২০১৬-২০১৭ অর্থবছরের গুরুত্বপূর্ণ অর্জন:**

- পদোন্নতি ঃ ২০১৬-১৭ অর্থবছরে বিসিএস (শুল্ক ও আবগারী) ক্যাডার পদে বিভিন্ন ক্যাটাগরিতে ১০৫ জন কর্মকর্তা, বিসিএস (কর) ক্যাডারের ৪৫ জন কর্মকর্তা এবং জাতীয় রাজস্ব বোর্ডের কর্মকর্তা ও কর্মচারী পদে ৭৬৩ জনকে পদোন্নতি প্রদান করা হয়েছে।
- চাকুরী স্থায়ীকরণ ঃ বিসিএস (শুল্ক ও আবগারী) ক্যাডারের সহকারী কমিশনার পদে শিক্ষানবীশ ৪২ জন কর্মকর্তা, বিসিএস (কর) ক্যাডারের ৪১ জন কর্মকর্তা এবং নন ক্যাডার সহকারী রাজস্ব কর্মকর্তা পদে ১৪৭ জন কর্মকর্তার চাকুরী স্থায়ীকরণ করা হয়েছে।
- অভ্যন্তরীণ প্রশিক্ষণ ঃ সচিবালয় নির্দেশমালা অনুযায়ী অভ্যন্তরীণ সম্পদ বিভাগে ১৫ জন প্রশিক্ষণার্থীকে অফিস ব্যবস্হাপনা, ৩৫ জন ই-নথি ব্যবস্থাপনা এবং ৩৪ জনকে শুদ্ধাচার ও নৈতিকতা বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। বৈদেশিক প্রশিক্ষণ ঃ অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ০৮ জন, জাতীয় রাজস্ব বোর্ডের ও এর অধীনস্হ অফিসসমূহের বিভিন্ন পদের ২১৫ জন কর্মকর্তাকে বিদেশ প্রশিক্ষণ/সেমিনারে প্রেরণ করা হয়েছে।
- অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতাধীন জাতীয় রাজস্ব বোর্ড ও এর অধীনস্থ দপ্তরসমূহের অধিকতর গুরুত্বপূর্ণ ও স্পর্শকাতর মামলাসমূহ সরকারের পক্ষে পরিচালনার নিমিত্ত ০২ জন বিশেষজ্ঞ আইনজীবী ও ০৭ জন বিজ্ঞ রিটেইনার অ্যাডভোকেট নিয়োগ করা হয়।
- জাতীয় রাজস্ব বোর্ডের পরিচালনাধীন বাংলাদেশ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্রগ্রাম এবং বিসিএস কর একাডেমীর প্রথমবারের মতো দু'টি কার্যকর পরিচালনা পর্ষদ গঠন করা হয়েছে। পরিচালনা পর্ষদের সভা নিয়মিত আহবান করা হচ্ছে।
- বাংলাদেশের সার্বিক উন্নয়নের লক্ষ্যে জাতীয় জীবনে রাজস্ব বান্ধব সংস্কৃতি প্রতিষ্ঠার উদ্দেশ্যে বিভিন্ন উদ্যোগের পাশাপাশি উদ্ভাবনীমূলক ব্যবস্হা হিসেবে বিভিন্ন পর্যায়ের ছাত্র ছাত্রীদের রাজস্ব ব্যবস্হাপনার সাথে পরিচিতিকরণ এবং কর দিতে জনগণকে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে Tax/VAT/Customs Education Forum (T/V/C Forum) গঠন করা হয়েছে।

**(খ) জাতীয় রাজস্ব বোর্ডের ২০১৬-২০১৭ অর্থবছরের গুরুত্বপূর্ণ অর্জন:**

- বাংলাদেশে সচিবালয়ে কর্মরত সকল মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের আয়কর রিটার্ণ পূরণে সহায়তা ও আয়কর সংশ্লিষ্ট সকল তথ্য সরবরাহের লক্ষ্যে অভ্যন্তরীণ সম্পদ বিভাগে Help Desk চালু করা হয়েছে।
- পরিধি ও সংখ্যা বৃদ্ধি করে Tax Card নীতিমালা ২০১০ এর পরিমার্জন সাধন করা হয়েছে।
- করদাতাদের ডিজিটাল সেবা প্রদানের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রনাধীন কর অঞ্চল-৭ ও কর অঞ্চল-২, ঢাকাতে Fast Track Service Centre চালু করা হয়েছে।
- ব্যবসা সহজীকরণ, সময় ও অর্থ সাশ্রয়, আমদানি ও রপ্তানী সংশ্লিষ্ট প্রক্রিয়া দ্রুত করণের লক্ষ্যে National Single Window চালুকরণের প্রক্রিয়া চলমান রয়েছে।
- একসেস টু ইনফরমেশন (A2I) প্রোগ্রামের আওতায় জাতীয় রাজস্ব বোর্ডের ইনোভেশন টীম নিম্নলিখিত ইস্যুতে নাগরিক সেবায় উদ্ভাবনী পাইলট উদ্যোগ গ্রহণ করেছে।

১) মোবাইলে এস. এম. এস. ই-মেইল ও ওয়েবসাইটের মাধ্যমে করদাতাদের বিভিন্ন বিষয়ে অবহিত করা;

২) কর ও তথ্য সেবা কেন্দ্রের মাধ্যমে করদাতাদের সেবার মান ত্বরান্বিত করণ;

৩)Tax Clearance certificate প্রদান সহজীকরণ;

৪) Software Generated SMS এর মাধ্যমে আয়কর রিটার্ণের প্রাপ্তি স্বীকার;

৫) প্রান্তিক ও বেতন ভোগী করদাতাগণের আয়কর রিটার্ণ ফরম পূরণে সহায়তাকরণ;

৬) ওয়েবসাইটে ক্যাটালগ প্রকাশ ও নিলাম ব্যবস্থা সহজীকরণ;

(গ) আয়কর সংক্রান্ত বিভাগীয় ব্যবস্থাপনায় ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল সর্বোচ্চ আপীল ফোরাম। ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল সামগ্রিক আয়কর ব্যবস্থাপনার একটি অবিচেছদ্য অংশ হিসাবে করদাতা ও আয়কর বিভাগের মধ্যে আয়কর সংক্রান্ত বিরোধ নিস্পত্তিপূর্বক আয়কর আহরণ কার্যক্রমকে তরান্বিত ও গতিশীল করে সরকারের রাজস্ব আদায় লক্ষমাত্রা অর্জনে কার্যকরী ভূমিকা পালন করে।

করমামলা দায়ের ও নিষ্পত্তি সংক্রান্ত ২০১৬-২০১৭ মাসের প্রতিবেদন নিম্নরূপ :-

| | |
|---|---|
| ২০১৫-২০১৬ মাসের শেষে অবশিষ্ট কর মামলার সংখ্যাঃ | ২০৮৩ টি |
| ২০১৬-২০১৭ মাসে দায়েরকৃত কর মামলার সংখ্যাঃ | ৭৬০৩ টি |
| ২০১৬-২০১৭ মাসে নিস্পত্তিকৃত কর মামলার সংখ্যাঃ | ৭২৮৭ টি |
| ২০১৬-২০১৭ মাসে এডিআর কর্তৃক অমিমাংষিত পুনঃজীবিত মামলার সংখ্যাঃ | ২৩ টি |
| ২০১৬-২০১৭ মাসে এডিআর এ অনুমোদনকৃত মামলার সংখ্যাঃ | ১১৮ টি |
| ২০১৬-২০১৭ মাসের শেষে অবশিষ্ট কর মামলার সংখ্যাঃ | ২৩০৪ টি |

- ই-গর্ভন্যান্স বাস্তবায়নের লক্ষ্যে ট্রাইবুনালে নৈতিকতা কমিটি ফোকাল পয়েন্ট এবং তথ্য প্রদান ইউনিট গঠন করা হয়েছে। অপরদিকে ইন্টারনেট সুবিধা, সিটিজেন চার্টার প্রণয়নপূর্বক ওয়েবসাইডটে প্রকাশসহ দেয়ালে টাংগানো হয়েছে এবং ওয়েবসাইট হালনাগাদসহ বাৎসরিক প্রতিবেদন পুস্তিকা আকারে প্রকাশ করা হয়েছে।
- ওয়েবসাইটে ট্রাইবুনাল সংক্রান্ত যাবতীয় তথ্য, তথ্য প্রদান ইউনিট এর নাম, কর্মকর্তার নাম ও ঠিকানা, ফোকাল পয়েন্টের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও ঠিকানা প্রকাশ করা হয়েছে। যার ফলে জনগণ ট্রাইবুনাল সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় তথ্য সরাসরি জানতে পারছে।
- প্রশাসনিক কাজের গতি ত্বরান্বিত করার লক্ষ্যে প্রতিনিয়ত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্তে নৈতিকতা কমিটির সভা ও ফোকাল পয়েন্টের সভা, স্টেকহোল্ডারদের সাথে সভা এবং কর মামলা শুনানী ও নিস্পত্তির বিষয়ে বিজ্ঞ সদস্যদের নিয়ে সভা অনুষ্ঠিত হচেছ।
- মতামত বক্স দৃশ্যমান স্থানে স্থাপন পূর্বক নির্দিষ্ট মতামত সম্বলিত ফরম এর ব্যবস্থা করা হয়েছে।
- উত্তরবঙ্গবাসীদের দোরগোড়ায় সেবার মান পৌছানোর লক্ষ্যে ২৮-০৮-২০১৬ তারিখে দ্বৈত বেঞ্চ, রংপুর স্থাপন করা হয়েছে।
- আপীল দাখিলের নিয়মাবলি ও প্রক্রিয়া সম্পর্কে নির্মিত ফেষ্টুন দেয়ালে টাংগানো হয়েছে। সেবা প্রত্যাশি এবং দর্শনার্থীদের জন্য অপেক্ষাগার এর ব্যবস্থা করা হয়েছে।
- তথ্য কমিশন কর্তৃক অনুমোদিত তথ্য অধিকার আইন ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। অপরদিকে মন্ত্রণালয়ের সহিত এ ট্রাইবুনালের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদিত হয়েছে। এরই ধারাবাহিকতায় ট্যাকসেস আপীলাত ট্রাইবুনালের অধিনসহ দপ্তর সমূহের মধ্যে প্রেসিডেন্ট এর সহিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

৯.৩ **২০১৬-১৭** অর্থ-বছরে মন্ত্রণালয়ের কার্যাবলি সম্পাদনে বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ **(সাধারণ/রুটিন প্রকৃতির সমস্যা/সঙ্কট উল্লেখের প্রয়োজন নেই; উদাহরণ: পদ সৃজন, শূণ্য পদ পূরণ ইত্যাদি)**

(১০) **মন্ত্রণালয়ের উদ্দেশ্য সাধন সংক্রান্ত**

১০.১ **২০১৬-১৭** অর্থ-বছরের কার্যাবলির মাধ্যমে মন্ত্রণালয়ের আরদ্ধ উদ্দেশ্যাবলি সন্তোষজনকভাবে সাধিত হয়েছে কি? অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আরদ্ধ উদ্দেশ্যবলির মূল কার্যক্রম ২০১৬-১৭ অর্থবছরের অভ্যন্তরীণ রাজস্ব আহরণ সন্তোষজনকভাবে অর্জিত হয়েছে।

১০.২ উদ্দেশ্যাবলি সাধিত না হয়ে থাকলে তার কারণসমূহ : প্রযোজ্য নয়।

১০.৩ মন্ত্রণালয়ের আরদ্ধ উদ্দেশ্যাবলি আরও দক্ষতা ও সাফল্যের সঙ্গে সাধন করার লক্ষ্যে যে সব ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে, সে সম্পর্কে মন্ত্রণালয়ের সুপারিশ: মন্ত্রণালয়ের আরদ্ধ উদ্দেশ্যাবলি আরও দক্ষতা ও সাফল্যের সঙ্গে সাধন করার লক্ষ্যে যে সব ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে তা নিম্নরূপ:

**ভ্যাট সংক্রান্ত:**

ক) সরকারের উন্নয়ন কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে অভ্যন্তরীণ রাজস্ব আহরণে বর্তমান সরকারের উল্লেখযোগ্য সাফল্য হচ্ছে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর কার্যকরভাবে বাস্তবায়নে পদক্ষেপগ্রহণ;
খ) গত আট বছরে রাজস্ব প্রায় ৩ গুণের বেশি বৃদ্ধি পেয়েছে। অভ্যন্তরীণ সম্পদ আহরণের হার বৃদ্ধিকল্পে জাতীয় রাজস্ব বোর্ড নিরলস প্রয়াস চালিয়ে যাচ্ছে। রাজস্ব খাতে আধুনিকায়ন ও আদায় বৃদ্ধির লক্ষ্যে VAT Online Project নামে একটি প্রকল্প বর্তমানে চূড়ান্ত পর্যায়ে রয়েছে। উক্ত প্রকল্পের আওতায় Online VAT Registration, Online VAT Return দাখিলসহ সমগ্র ভ্যাট ব্যবস্থাপনাটি একটি কম্পিউটারাইজড সিস্টেমের আওতায় আনয়নের লক্ষ্যে COTS সফটওয়্যার Configuration, Installation, Operation এবং Maintenance এর মাধ্যমে সামগ্রিক ভ্যাট ব্যবস্থাকে প্রযুক্তি নির্ভর করার প্রয়াস নেয়া হচ্ছে।

**কর সংক্রান্ত:**

- ০১ জুলাই, ২০১৩ থেকে সম্মানিত করদাতাগণ স্বয়ংক্রিয় পদ্ধতিতে অন-লাইন রেজিস্ট্রেশন/রি-রেজিস্ট্রেশনের মাধ্যমে আয়কর অফিসে না এসেই ঘরে অথবা বিশ্বের যে কোন প্রান্ত থেকেই করদাতা হিসেবে নিবন্ধিত হচ্ছেন এবং তাৎক্ষনিকভাবে টিআইএন সনদের প্রিন্ট নিতে পারছেন।
- করদাতাদের ওয়ান স্টপ সার্ভিস নিশ্চিত করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড ৭ টি বিভাগীয় শহরসহ কুমিল্লা ও বগুড়াতে "কর তথ্য ও সেবা কেন্দ্র" চালু করেছে। করদাতাদের সুবিধার্থে আরো ২ টি "কর তথ্য ও সেবা কেন্দ্র" যথাক্রমে কর অঞ্চল-৯, ঢাকা'র উত্তরা অফিসে এবং যশোরে চালুর প্রক্রিয়া চূড়ান্ত পর্যায়ে রয়েছে।
- সারা দেশ হতে সঠিকভাবে আয়কর আদায়ের লক্ষ্যে বর্তমান সরকারের আমলে কর বিভাগের ব্যাপক সম্প্রসারণ হয়েছে এবং উপজেলা পর্যায়ে এবং গুরুত্বপূর্ণ বাণিজ্যিক কেন্দ্রসমূহে আয়কর অফিস চালু করা হয়েছে। পর্যায়ক্রমে সকল উপজেলাতে আয়কর অফিস স্থাপনের পরিকল্পনা নেয়া হয়েছে।
- সম্মানিত করদাতাগণের অন-লাইনে আয়কর রিটার্ন দাখিল এবং সঠিকভাবে কর পরিগণনার জন্য বাস্তবায়নাধীন SGMP (Strengthening Governance Management Programme) প্রকল্পটি বিগত ০১/১১/২০১৬ তারিখে করদাতাদের ব্যবহারের জন্য উদ্বোধন করা হয়। www.etaxnbr.gov.bd ওয়েব সাইটের মাধ্যমে বিশ্বের যে কোন প্রান্ত থেকে করদাতা আয়কর রিটার্ন দাখিল করতে পারবেন এবং অনলাইনে তাৎক্ষনিকভাবেই আয়কর সনদ পাবেন। এছাড়াও অনলাইনে আয়কর প্রদান করার জন্য পৃথক একটি e-Payment পোর্টাল চালু রয়েছে।
- অভ্যন্তরীণ রাজস্ব আহরণের গুরুত্ব বর্ণনা করে প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় এ সংক্রান্ত প্রচারণা চালানো।
- বৃহৎ অংকের বকেয়া করদাতাদের তালিকা প্রস্তুত করা এবং বকেয়া কর আদায়ের ব্যবস্থাকরণ;
- বৃহৎ অংকের রাজস্ব সংশ্লিষ্ট হাইকোর্টে বিচারাধীন রীট/রেফারেন্স মামলা নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ।

- রাজস্ব সংশ্লিষ্ট অডিট মামলা নির্বাচন, দ্রুত নিষ্পত্তি, দাবী সৃষ্টি ও তা হতে চলতি অর্থবছরের মধ্যে রাজস্ব আদায়ের উদ্যোগ গ্রহণ।
- প্রতিটি কর অঞ্চলের TDS Monitoring Team গঠনের মাধ্যমে কর আদায় পর্যবেক্ষণ কার্যক্রম জোরদার করা।
- জরীপ কার্যক্রম পরিচালনা, টিআরএন ইস্যু এবং করদাতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণের মাধ্যমে নতুন করদাতা হতে কর বৃদ্ধির কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

**শুল্ক সংক্রান্ত:**

- যুগপোযুগী ও বাংলায় কাস্টমস আইন প্রণয়ন নিশ্চিত করা এবং তা কার্যকরভাবে বাস্তবায়ন করা;
- National Single Window (NSW) এর পূর্ণ বাস্তবায়নের মাধ্যমে আমদানি-রপ্তানি বাণিজ্য সহজীকরণ করা।
- ASYCUDA World সফটওয়্যার এর ব্যবহারের মাধ্যমে মিথ্যা ঘোষণার মাধ্যমে শুল্ক করাদি ফাঁকি বন্ধ করা।
- Alternative Dispute Resolution (ADR) এর মাধ্যমে অনিষ্পন্ন মামলা নিষ্পন্ন করা।
- রাজস্ব ফাঁকি রোধে সকল কাস্টম হাউস ও স্টেশনে স্ক্যানারের ব্যবহার।

১৫.২ প্রকল্পের অবস্থা (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত)

| শুরু করা নতুন প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| - | ১।" চট্টগ্রাম, মংলা আইসিডি কমলাপুর ও বেনাপোল শুল্ক বন্দরের জন্য স্ক্যানার ক্রয়" শীর্ষক প্রকল্প। | - | - |

(মো: নজিবুর রহমান)
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ